

প্রাথমিকে শিক্ষক নিয়োগ: প্রথম ধাপের লিখিত পরীক্ষা জানুয়ারির প্রথম সপ্তাহে


ইন্ডোফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৭ নভেম্বর ২০২৫, ১৪:৪২



ছবি: গ্রাফিক্স ইন্ডোফাক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের প্রথম ধাপের লিখিত পরীক্ষা আগামী জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে অনুষ্ঠিত হতে পারে। এই লক্ষ্যে লিখিত পরীক্ষার আসন বিন্যাস চূড়ান্ত করার জন্য জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের চিঠি দিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই)।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বৃহস্পতিবার (২৭ নভেম্বর) গণমাধ্যমে এসব তথ্য জানান প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পলিসি অ্যান্ড অপারেশন) এ. কে. মোহাম্মদ সামছুল আহসান। তিনি জানান, আমাদের পরিকল্পনা রয়েছে, প্রথম ধাপের নিয়োগ পরীক্ষা আগামী জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে আয়োজন করার।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অন্য একটি সূত্র জানিয়েছে, জানুয়ারি মাসের ২ অথবা ৩ তারিখে প্রথম ধাপের নিয়োগ পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে এবং সে লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে।

জানা যায়, গত ৫ নভেম্বর প্রথম ধাপে ছয় বিভাগের (রাজশাহী, রংপুর, সিলেট, খুলনা, বরিশাল ও ময়মনসিংহ) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের প্রাথমিক তথ্য অনুযায়ী, প্রথম ধাপে মোট

৭ লাখ ৪৫ হাজার ৯২৯টি আবেদনপত্র জমা পড়েছে। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে শূন্য পদ দেখানো হয়েছিল ১০ হাজার ২১৯টি। ফলে প্রতি পদের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করছেন প্রায় ৭৩ জন প্রার্থী।

এদিকে, গত ১২ নভেম্বর দ্বিতীয় ধাপে দেশের দুই বিভাগের (ঢাকা ও চট্টগ্রাম) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এই ধাপে শূন্য পদের সংখ্যা ৪ হাজার ১৬৬টি এবং এর আবেদন গ্রহণ বৃহস্পতিবার (২৭ নভেম্বর) শেষ হবে।